পৃথিবীকে রক্ষার ‘পরীক্ষায়’ সফল নাসার ‘ডার্ট’

ধরা যাক হঠাৎ পৃথিবীর দিকে ছুটে আসা শুরু করল একটি গ্রহাণু। এসে আঘাত করল পৃথিবীতে।

ছোট একটি গ্রহাণুই যদি পৃথিবীতে আঘাত করে তাহলে এটি একটি পারমাণবিক বোমা হামলার সমান হবে।

এ বিষয়টি মাথায় রেখেই একটি মহাকাশ অভিযান চালিয়েছে যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসা। তারা পরীক্ষা চালিয়েছে, যদি কোনো গ্রহাণু পৃথিবীর দিকে ছুটে আসে তাহলে সেটিকে আটকানো যাবে কিনা বা সেটির কক্ষপথ ঘুরিয়ে দেওয়া যাবে কিনা।

এর অংশ হিসেবে একটি ডার্ট মহাকাশযান পাঠানো হয়। এটি শব্দের চেয়ে বেশি গতিতে ছুটে গিয়ে পৃথিবী থেকে ৬৮ লাখ মাইল দূরের এক গ্রহাণু পিণ্ডকে সফলভাবে আঘাত করে।

সংবাদ সংস্থা রয়টার্স জানিয়েছে, এ পরীক্ষা চালানো হয় মোটামুটি ১৬০ মিটার চওড়া একটি গ্রহাণুর ওপর, যার নাম দেওয়া হয়েছে ডাইমরফোস। দশ মাস আগে পৃথিবী থেকে রওনা দেওয়া নাসার ডার্ট মহাকাশযান সোমবার সফলভাবে ওই গ্রহাণুর গায়ে আছড়ে পড়ে এবং ধ্বংস হয়ে যায়।

মোটামুটি একটি ফুটবল স্টেডিয়াম আকারের ওই গ্রহাণুর সঙ্গে সংঘর্ষের আগ মুহূর্ত পর্যন্ত ডার্টের গায়ে বসানো ক্যামেরা প্রতি সেকেন্ডে একটি করে ছবি পাঠাতে থাকে পৃথিবীতে।

আকারে ভেন্ডিং মিশনের চেয়েও ছোটো ওই মহাকাশযানের ধাক্কায় গ্রহাণু ডাইমরফোসের গতিপথ আদৌ পাল্টানো গেল কি না, কিংবা কতটা পাল্টালো বিজ্ঞানীরা এখন সেটা দেখবেন টেলিস্কোপের মাধ্যমে।

বিজ্ঞানীদের ধারণা, ঘণ্টায় প্রায় ১৫ হাজার মাইল বেগে ডার্টের ওই আঘাতে ডাইমরফোসেরগতি খুব সামান্য হলেও কমবে, সেটা হতে পারে প্রতি সেকেন্ডে এক মিলিমিটারের ভগ্নাংশ পরিমাণ। তাতেও এর কক্ষপথে সুক্ষ্ম পরিবর্তন আসবে, যা দীর্ঘমেয়াদে এর গতিপথ পাল্টে দেবে।

নাসার প্রকাশিত ভিডিওতে দেখা যায় ডার্ট মহাকাশ যানটি সফলভাবে গ্রহাণুটিতে আঘাত করছে। গ্রহাণুটির সংঘর্ষ হয় তখন এটি ধ্বংস হয়ে যায়।

সূত্র: রয়টার্স

মুঠোফোনের তারহীন সাউন্ডবার

পিকনিকে বন্ধু বা পরিবারের সদস্যদের নিয়ে গান শোনেন অনেকেই। কেউ আবার গানের তালে তালে নাচেনও। কিন্তু এ জন্য সাউন্ডবক্স নিয়ে যাওয়ার ঝক্কিঝামেলাও কম নয়। এ সমস্যা থেকে মুক্তি দেবে ব্লাউপাংকট এসবিএ ২০ পার্টি ২০ ডব্লিউ ওয়্যারলেস সাউন্ডবার।

আকারে ছোট এ সাউন্ডবারে ওয়্যারলেস প্রযুক্তি থাকায় তারের সংযোগ ছাড়াই মুঠোফোন থেকে গান শোনা যায়। কারাওকে সুবিধাও রয়েছে সাউন্ডবারটিতে, ফলে পছন্দের সুরে গানও গাওয়া যাবে। পার্টি আরজিবি লাইট থাকায় রাতের বেলা গানের তালে তালে আলোও জ্বলে সাউন্ডবারটিতে।

দুই হাজার এমএএইচ ব্যাটারি থাকায় এক চার্জে টানা সাত ঘণ্টা পর্যন্ত ব্যবহার করা যায় সাউন্ডবারটি। ২০ ওয়াটের গান বাজাতে সক্ষম এ সাউন্ডবারের ওজন ৯০০ গ্রাম। ব্লু-টুথ, ইউএসবি এবং এফএম রেডিও সুবিধার সাউন্ডবারটি টেলিভিশনের পাশাপাশি ল্যাপটপ কম্পিউটারেও ব্যবহার করা যায়। দাম দুই হাজার রুপি বা আড়াই হাজার টাকা প্রায়।

যেখানে সেখানে ফোন চার্জ

করাবেন না, তথ্য চুরি হতে পারে

ভ্রমণের সময় অনেকেই বাস বা রেলস্টেশন, এয়ারপোর্টে থাকা ইউএসবি চার্জার স্টেশনের মাধ্যমে মুঠোফোন চার্জ করেন। চার্জের সমস্যা মিটলেও এতে আপনার মুঠোফোনের সব তথ্য চলে যেতে পারে সাইবার অপরাধীদের দখলে। ম্যালওয়্যারও ঢুকতে পারে। এ কারণে পরবর্তী যেকোনো সময় ম্যালওয়্যারের সাহায্যে মুঠোফোনে থাকা তথ্য নিয়মিত সংগ্রহ করতে পারে সাইবার অপরাধীরা।

‘জুস জ্যাকিং’ নামের এই স্ক্যাম বা প্রতারণার পদ্ধতি কাজে লাগিয়ে এর আগেও মুঠোফোন থেকে তথ্য চুরি করেছে সাইবার অপরাধীরা। তবে সম্প্রতি এ কৌশল কাজে লাগিয়ে ব্যবহারকারীদের মুঠোফোন থেকে অনলাইন ব্যাংকিংয়ের পাসওয়ার্ড সংগ্রহ করে অর্থ চুরির ঘটনা বৃদ্ধি পেয়েছে। এরই মধ্যে ভারতের বিভিন্ন ব্যাংক এ বিষয়ে গ্রাহকদের সতর্ক করেছে।

বিভিন্ন প্রতিষ্ঠান বা পাবলিক স্পেসে বসানো চার্জিং স্টেশনগুলোয় সাধারণ ইউএসবি ডেটা কেব্লের মাধ্যমে মুঠোফোন চার্জ করতে হয়। ডেটা কেব্লের অন্য প্রান্তে বিশেষ ধরনের যন্ত্র ব্যবহার করে গোপনে তথ্য সংগ্রহের পাশাপাশি মুঠোফোনে ক্ষতিকর ম্যালওয়্যার প্রবেশ করায় সাইবার অপরাধীরা। এ কারণে ইন্টারনেট সংযোগ চালু করলেই নির্দিষ্ট ঠিকানায় তথ্য পাঠাতে থাকে মেলওয়্যারটি।

মুঠোফোনের পাশাপাশি ল্যাপটপ বা ট্যাবলেট কম্পিউটারেও জুস জ্যাকিংয়ের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে পারে সাইবার অপরাধীরা। আর তাই নিরাপদ থাকতে অপরিচিত স্থানের ইউএসবি চার্জার স্টেশন ব্যবহার না করতে পরামর্শ দিয়েছেন নিরাপত্তাবিশেষজ্ঞরা। খুব বেশি প্রয়োজন হলে মুঠোফোন, ল্যাপটপ বা ট্যাবলেট কম্পিউটার বন্ধ করে চার্জ করারও অনুরোধ করেছেন তাঁরা।

কুষ্টিয়ায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে ডিপিএফ’র আলোচনা

‘তথ্য প্রযুক্তির যুগে জনগনের তথ্য অধিকার নিশ্চিত হোক’ প্রতিপাদ্যে কুষ্টিয়ায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়ার জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম (ডিপিএফ) কুষ্টিয়া এ অনুষ্ঠানের আয়োজন করে।

ডিপিএফ কুষ্টিয়ার সভাপতি মাহবুবা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার শাখার উপ-পরিচালক মো: আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) শারমিন আখতার, জেলা তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার শিল্পী মন্ডল।

ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম কুষ্টিয়ার সম্পাদক আসাদুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠিত সংলাপে স্বাগত বক্তব্য রাখেন ডিপিএফ কুষ্টিয়ার সভাপতি মাহবুবা বেগম।

ধারনাপত্র উপস্থাপন করেন ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম (ডিপিএফ) কুষ্টিয়ার সহ-সভাপতি ও বাংলাভিশন টেলিভিশনের জেলা প্রতিনিধি হাসান আলী।

বক্তারা বলেন, তথ্য অধিকার আইন-২০০৯ নিঃসন্দেহে একটি উত্তম আইন। এটি বাংলাদেশের জন্য একটি যুগান্তকারী ঘটনা এবং জনগণের ক্ষমতায়নে মাইলফলক। এই আইনের মাধ্যমে জনগণের তথ্য পাবার অধিকার নিশ্চিত করতে হবে।

এসময় বক্তারা বলেন, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে মানসিকতা পরিবর্তনের পাশাপাশি জবাবদিহিতার ব্যবস্থা করতে হবে। আর জবাবদিহিতা বাড়লে অপরাধ প্রবনতা বা দূর্নীতি কমতে শুরু করবে। কেননা, ব্রিটিশ আমল থেকে ক্ষমতা হারানোর ভয়ে তথ্য গোপন রাখার

প্রবণতা রয়েছে। দেশের উন্নয়নের স্বার্থে মানুষকে চিন্তা-চেতনা ও কথা বলার অধিকার দিতে হবে। তাই বাংলাদেশের সংবিধানের তথ্য অধিকার আইনের তথা বলা হয়েছে।

বক্তারা আরও বলেন, ক্ষমতায়নের জন্য জনগণের তথ্য অধিকার নিশ্চিত করা একান্ত আবশ্যক। এতে সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি ও বিদেশি অর্থায়নে পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে। যা বাংলাদেশকে অর্থনৈতিকভাবে উন্নত রাষ্ট্রে পরিণত করবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ে উঠবে। তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া অঙ্গীকার বাস্তবায়িত হবে।

এছাড়াও মুক্ত আলোচনায় জেলার সার্বিক বাল্যবিয়ে পরিস্থিতি এবং করণীয় বিষয় তুলে ধরে কথা বলেন সেমিনারে অংশগ্রহনকারীগণ।

ঝিনাইদহে শুরু হলো দুইদিন ব্যাপী তথ্য অধিকার মেলা

‘তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ২ দিন ব্যাপী তথ্য অধিকার মেলা শুরু হয়েছে।

জেলা প্রশাসন ও সনাকের আয়োজনে বুধবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে জাতীয় পতাকা উত্তোলন ও বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা।

উদ্বোধন শেষে সেখান থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সচেতন নাগরিক কমিটির (সনাক) সভাপতি সায়েদুল আলমের সভাপতিত্বে বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী

কর্মকর্তা এস এম শাহীন, জেলা তথ্য কর্মকর্তা আবু বকর সিদ্দিক, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল লতিফ সেখ, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জাহাঙ্গীর আলম, সনাকের সহ-সভাপতি জ্যেষ্ঠ সাংবাদিক এম সাইফুল মাবুদ ও সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল।

আলোচনা সভায় বক্তারা, তথ্যের অবাধ প্রবাহের নিশ্চিত করতে তথ্য অধিকার আইন পুরোপুরি বাস্তবায়ন করার আহবান জানান। আলোচনা সভা শেষে বিভিন্ন স্টল পরিদর্শণ করা হয়। ২ দিন ব্যাপী এ তথ্য মেলায় সরকারি ও বেসরকারি ২৯ টি দপ্তর স্টল দিয়েছে।

কোটচাঁদপুরে তথ্য দিবস পালিত

তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক, এ প্রতিপাদ্যে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত হয়েছে।

বুধবার কোটচাঁদপুর উপজেলা অডিটোরিয়ামে দিবসটি পালনে আলোচনা সভা করা হয়।

সভাপতিত্বে করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, ডাঃ তানভির জামান,দোড়ার ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল, সাবদারপুরের আব্দুল মান্নান।

এ সময় বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী, সাংবাদিক নজরুল ইসলাম, এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী রুহুল ইসলাম, মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, মহিলা বিষয়ক শিলা বেগম, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।

কল ড্রপ হলেই ক্ষতিপূরণ পাবেন গ্রাহক

কল ড্রপ হলে গ্রাহককে ক্ষতিপূরণ দিতে মোবাইল অপারেটরদের নির্দেশ দিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। এখন থেকে একই অপারেটরে কথা বলার সময় প্রথম কল ড্রপ হলেই গ্রাহক ক্ষতিপূরণ পাবেন। আগামী ১ অক্টোবর থেকে এ নির্দেশনা কার্যকর হবে।

সোমবার রাজধানীর রমনায় বিটিআরসি কার্যালয়ে কল ড্রপ ও ক্ষতিপূরণ নিয়ে এক সংবাদ সম্মেলনে এসব কথা জানানো হয়।

ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার অনলাইনে যুক্ত হয়ে সংবাদ সম্মেলনে বলেন, ‘ক্ষতিপূরণটাই গুরুত্বপূর্ণ না। গ্রাহক যেন নির্বিঘ্ন সেবা পায়, সে উদ্দেশ্যেই এই নির্দেশনা জারি করা হচ্ছে। অপারেটররা যেন সেবার মান বাড়িয়ে ক্ষতিপূরণ থেকে রেহাই পান, বিটিআরসি সেটাই চাচ্ছে।’

বিটিআরসির সিস্টেমস অ্যান্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. নাসিম পারভেজ নতুন নির্দেশিকার বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। তার উপস্থাপনায় বলা হয়, গ্রাহক এখন থেকে প্রথম ও দ্বিতীয় কল ড্রপের ক্ষেত্রে প্রতিটি কল ড্রপের জন্য ৩০ সেকেন্ড এবং তৃতীয় থেকে সপ্তম কল ড্রপের বেলায় প্রতিটি কল ড্রপের জন্য ৪০ সেকেন্ড টকটাইম ফেরত পাবেন। ফেরত পাওয়া টকটাইম পরের দিন থেকে ব্যবহার করা যাবে এবং এই টকটাইম শেষ না হওয়া পর্যন্ত গ্রাহকের কোনো টাকা কাটা যাবে না।

কল ড্রপের ক্ষতিপূরণের বিষয়ে গ্রাহককে এসএমএসের মাধ্যমে পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে জানাতে হবে। কোনো অপারেটর চাইলে কল ড্রপ হওয়ার দিন থেকে ক্ষতিপূরণ দিতে পারবে। কল ড্রপের ফেরত প্রাপ্ত টকটাইমের মেয়াদ হবে ১৫ দিন। বিটিআরসি বলেছে, ১০০ সেকেন্ড কল ড্রপের জন্য অপারেটররা ৩০৯ দশমিক ৪৪ সেকেন্ড ক্ষতিপূরণ দেবে।

যেকোনো অপারেটরের গ্রাহক এখন থেকে *১২১*৭৬৫# কোডের মাধ্যমে তার কল ড্রপের পরিমাণ জানতে পারবে। ১ অক্টোবর থেকে এটা কার্যকর হবে।

বিটিআরসি জানিয়েছে, গ্রামীণফোন ও রবি তৃতীয় থেকে সপ্তম কল ড্রপ পর্যন্ত গ্রাহককে ক্ষতিপূরণ দিয়ে থাকে। অন্যদিকে বাংলালিংক দ্বিতীয় থেকে ষষ্ঠ কল ড্রপ পর্যন্ত ক্ষতিপূরণ দেয়।

কোনটি কিনবেন: আইফোন ১৪ নাকি স্যামসাং গ্যালাক্সি এস ২২

চলতি মাসের ৭ তারিখ জাঁকজমকপূর্ণ ইভেন্টে অ্যাপল তাদের লেটেস্ট আইফোন সিরিজকে বিশ্ববাজারে লঞ্চ করেছে। আইফোন ১৪’র লাইনআপের অধীনে আসা ৪টি মডেলকেই সারা পৃথিবীতে বিক্রির জন্য উন্মুক্ত করা হয়। এক্ষেত্রে, ভিন্ন ডিজাইন ও তুলনায় উন্নত চিপসেটের সাথে আসার দরুন ‘প্রো’ এডিশনগুলি অধিক আকর্ষিত করছে গ্রাহকদের। তবে সিরিজের স্ট্যান্ডার্ড মডেল আইফোন ১৪ -ও কিন্তু বহু ক্রেতাদের ‘শপিং কার্ট’-এ জায়গা করে নিয়েছে।

যদিও আলোচ্য প্রিমিয়াম মডেলটির ফিচার একাধিক অ্যান্ড্রয়েড ফোনেও খুঁজে পাওয়া যাবে, তাও আবার অনেক সাশ্রয়ী মূল্যে। উদাহরণস্বরূপ গত ১৭ই ফেব্রুয়ারি আগত গ্যালাক্সি এস ২২ ফ্ল্যাগশিপ ফোনটি এদেশে অ্যাপল ডিভাইসটির প্রধান প্রতিদ্বন্দ্বী হবে। কেননা, স্যামসাং -এর এই ফোন দামে কম এবং ফিচারের নিরিখেও যথেষ্ট উন্নত। ফলে আধ-খাওয়া আপেল লোগো যুক্ত নতুন আইফোন বেছে নেওয়া উচিত হবে, নাকি তুলনায় কম টাকা দিয়ে একটি অ্যান্ড্রয়েড ফ্ল্যাগশিপ ফোন কেনা অধিক বুদ্ধিমানের কাজ হবে? এই দ্বন্ধ এখন অনেকের মনেই দেখা দিয়েছে। তাই আজ আমরা এই প্রতিবেদনে অ্যাপল আইফোন ১৪ এবং স্যামসাং গ্যালাক্সি এস ২২ ফোন দুটির মধ্যে দাম ও ফিচারগত তুলনামূলক আলোচনার করবো, যাতে উক্ত মডেল-দ্বয়ের মধ্যে কোনটি কেনা অধিক যুক্তিযুক্ত হবে তা আপনারা নিজেরাই বিচার করতে পারেন।

অ্যাপল আইফোন ১৪ বনাম স্যামসাং গ্যালাক্সি এস ২২: ডিসপ্লে, সেন্সর

আইফোন ১৪ লঞ্চ হয়েছে ফ্লাট-এজ অ্যারোস্পেস গ্রেড অ্যালুমিনিয়াম ফ্রেমের সাথে এবং নিরাপত্তার জন্য ডিভাইসের সামনে ব্যবহার করা হয়েছে সিরামিক শিল্ড। ফোনটি একটি ৬.১-ইঞ্চির (২,৫৩২১,১৭০ পিক্সেল) সুপার রেটিনা এক্সডিআর ওলেড ডিসপ্লে সহ এসেছে, যা ১২০০ নিট পিক ব্রাইটনেস, ট্রু টোন, এইচডিআর, পি৩ ওয়াইড কালার গ্যামেট এবং ডলবি ভিশন সাপোর্ট করে। তদুপরি, বায়োমেট্রিক সিকিউরিটি অপশন হিসেবে এতে ফেস আইডি উপলব্ধ।
স্যামসাংয়ের গ্যালাক্সি এস২২ ফ্ল্যাগশিপ স্মার্টফোন সিরিজের এই বেস মডেলে, একটি ৬.১ ইঞ্চির ফুল এইচডি (১০৮০◌ী২৩৪০ পিক্সেল) ডাইনামিক অগঙখঊউ ডিসপ্লে আছে, যা ৪৮ হার্টজ থেকে ১২০ হার্টজ পর্যন্ত ভ্যারিয়েবল রিফ্রেশ রেট এবং ১৫০০ নিট পিক ব্রাইটনেস অফার করে। ডিসপ্লেটি সুরক্ষিত রাখতে কর্নিং গরিলা গ্লাস ভিক্টাস প্লাস ব্যবহার করা হয়েছে। সাথে সিকিউরিটির জন্য এই ডিসপ্লের মধ্যেই এম্বেড থাকছে আল্ট্রা সনিক ফিঙ্গারপ্রিন্ট রিডার।

অ্যাপল আইফোন ১৪ বনাম স্যামসাং গ্যালাক্সি এস ২২: প্রসেসর, অপারেটিং সিস্টেম, র্যাম, স্টোরেজ
পারফরম্যান্সের জন্য আইফোন ১৪ মডেলে ব্যবহার করা হয়েছে সংস্থার নিজস্ব তথা পুরোনো এ১৫ বায়োনিক প্রসেসর। এটি লেটেস্ট আইওএস ১৬ অপারেটিং সিস্টেমে চলবে। সংস্থার তরফ থেকে ফোনটির র্যাম মেমোরি সম্পর্কিত তথ্য এখনো জানানো হয়নি। তবে কিছু রিপোর্টে উল্লেখ করা হয়েছে যে, সিরিজের নন-প্রো মডেলগুলি ৬ জিবি র্যাম অফার করবে। যদিও জিএসমেরিনা প্রদত্ত লিস্টিং বলছে, উক্ত মডেল ৪ জিবি র্যাম সহ এসেছে। তবে এখনই নিশ্চিত ভাবে কিছু বলা যাচ্ছে না। যাইহোক, এতে ৫১২ জিবি পর্যন্ত স্টোরেজ রয়েছে।

স্যামসাং গ্যালাক্সি এস২২ ফোনের ভারতীয় সংস্করণে লেটেস্ট কোয়ালকম স্ন্যাপড্রাগন ৮ জেন ১ প্রসেসর ব্যবহার করা হয়েছে, যা ৪ ন্যানোমিটার (এনএম) প্রসেসিং নোডে নির্মিত। এটি অ্যান্ড্রয়েড ১২ ভিত্তিক এমআইইউআই ১৩ কাস্টম ইউজার ইন্টারফেস দ্বারা চালিত। এই ডিভাইসে, ৮ জিবি র্যাম এবং ২৫৬ জিবি পর্যন্ত অনবোর্ড স্টোরেজ পাওয়া যাবে।

অ্যাপল আইফোন ১৪ বনাম স্যামসাং গ্যালাক্সি এস ২২: ক্যামেরা সেটআপ
ক্যামেরা ফ্রন্টের কথা বললে, আইফোন ১৪ ডুয়েল রিয়ার ক্যামেরা সেটআপ সহ এসেছে। এগুলি হল – এফ/১.৭ অ্যাপারচার সহ ১২ মেগাপিক্সেল প্রাইমারি সেন্সর এবং ১২ মেগাপিক্সেল আল্ট্রা-ওয়াইড সেন্সর। এই

রিয়ার ক্যামেরা সেটআপ নতুন স্টেবিলাইজেশন ফিচার, ডিপ ফিউশন ও অ্যাকশান মোড সাপোর্ট করে। এলইডি ফ্ল্যাশ লাইটটি ক্যামেরা মডিউলের ভিতরে স্থাপন করা হয়েছে। তদুপরি, সেলফি ও ভিডিও কলিংয়ের জন্য এতে এফ/১.৯ অ্যাপারচার সহ ১২ মেগাপিক্সেলের ফ্রন্ট-ফেসিং ক্যামেরা পাওয়া যাবে।

অ্যাপল আইফোন ১৪ বনাম স্যামসাং গ্যালাক্সি এস ২২: ব্যাটারি, চার্জিং ক্যাপাসিটি
ব্যাটারি ফ্রন্টের ক্ষেত্রে আইফোন ১৪ সম্ভবত আপগ্রেড পেয়েছে। সম্ভবত বলা কারণ, অ্যাপল তাদের এই আইফোন মডেলের ব্যাটারি ক্যাপাসিটি এখনো গোপন রেখেছে। তবে একাধিক রিপোর্টে দাবি করা হচ্ছে যে, সিরিজের এই ভ্যানিলা মডেলটি একক চার্জে ২০ ঘন্টা পর্যন্ত ভিডিও প্লেব্যাক টাইম অফার করবে। স্যামসাং গ্যালাক্সি এস২২ ফোনে পাওয়ার ব্যাকআপের জন্য ৩,৭০০ এমএএইচ ক্যাপাসিটির ব্যাটারি আছে। যার সাথে ২৫ ওয়াট ফাস্ট চার্জিং এবং ১৫ ওয়াট ওয়্যারলেস চার্জিং সাপোর্ট করে।

অ্যাপল আইফোন ১৪ বনাম স্যামসাং গ্যালাক্সি এস ২২ : পরিমাপ, আইপি রেটিং
আইফোন ১৪ সিরিজের এই স্ট্যান্ডার্ড মডেলের পরিমাপ ১৪৬.৭৭১.৫৭.৮ মিমি এবং ওজন ১৭২ গ্রাম। এটি ওচ৬৮ সার্টিফাইড, ফলে জল ও ধুলো লাগা সত্ত্বেও ডিভাইসটির কোনো ক্ষতি হবে না।

স্যামসাং গ্যালাক্সি এস২২ ফোনের পরিমাপ ১৪৬৭০.৬৭.৬ মিমি এবং ১৬৭ গ্রাম। এটিও ওচ৬৮ রেটিং প্রাপ্ত।

পুরো দেশকে উচ্চগতির ইন্টারনেট সংযোগের আওতায় আনা হচ্ছে

ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, পঞ্চম শিল্প বিপ্লবের হাতিয়ার হিসেবে পুরো দেশকে উচ্চগতির ইন্টারনেট

সংযোগের আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

মোস্তাফা জব্বার শনিবার রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের উদ্যোগে আয়োাজিত ‘শান্তি প্রতিষ্ঠা ও গণতন্ত্র প্রসারে প্রযুক্তির নিরাপদ ব্যবহার’ শীর্ষক ন্যাশনাল পলিসি ডায়ালগে ডিজিটাল প্ল্যাটফর্মে সংযুক্ত থেকে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

তিনি বলেন, আগামী দিনের ডিজিটাল প্রযুক্তির চ্যালেঞ্জ মোকাবিলায় শহর-গ্রাম, নারী-পুরুষ সব ক্ষেত্রে ডিজিটাল বৈষম্য দূর করার বিকল্প নেই। এই লক্ষ্যে সরকারের পাশাপাশি রাজনৈতিক সামাজিক ও সাংস্কৃতিক উদ্যোগ অপরিহার্য।

ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী আরও বলেন, দেশের প্রতিটি গ্রামে দ্রুত গতির ইন্টারনেট পৌঁছে দেওয়ার উদ্যোগ সরকার বাস্তবায়ন করছে।

রাষ্ট্রদূত হুমায়ুন কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে যুব ও ক্রীড়া সচিব মেজবাহ উদ্দিন এবং রাষ্ট্রদূত এবং ইউরোপীয় ইউনিয়নের হেড অব ডেলিগেশন চার্লস হোয়াইটলে প্রমুখ বক্তব্য দেন।

অনুষ্ঠানে বক্তারা ডিজিটাল প্রযুক্তির নিরাপদ ব্যবহারে ব্যাপক জনসচেতনতা তৈরির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন।

দেশে কিসিলেক্টের নতুন কলিং স্মার্টওয়াচ

দেশব্যাপী মোশন ভিউয়ের সকল আউটলেট, অনুমোদিত রিটেইল পয়েন্টে ও অনলাইনে স্মার্টওয়াচটি পাওয়া যাচ্ছে। স্মার্টওয়াচটির দাম ৬ হাজার ৭৮০ টাকা। এ ছাড়া ৪ হাজার ৬০০ টাকায় পাওয়া যাবে এটির রেগুলার মডেল কিসিলেক্ট কেআর।
দেশের বাজারে কলিং ফিচার সমৃদ্ধ স্মার্টওয়াচ নিয়ে এসেছে গ্যাজেট বিপনণকারী প্রতিষ্ঠান মোশন ভিউ লিমিটেড।

কিসিলেক্ট ব্রান্ডের কেআর প্রো কলিং স্মার্টওয়াচটি কেনায় ১ বছরের বিক্রোত্তর সেবা বা ওয়ারেন্টি সুবিধা মিলবে। ১ বছরের মধ্যে ফিজিক্যাল ড্যামেজ ছাড়া অন্য যেকোনো সমস্যা হলে তা বিনামূল্যে সারিয়ে কিংবা পরিবর্তন করে দেবে প্রতিষ্ঠানটি।

গোলাকার আকৃতির স্মার্টওয়াচটিতে রয়েছে ১.৪৩ ইঞ্চি আকারের অ্যামোলেড ডিসপ্লে, যাতে রয়েছে অলওয়েজ-অন-ডিসপ্লে (এওডি) ফিচার। এতে থাকা ২৮০ এমএএইচ ব্যাটারি ফুল চার্জ হতে ২ ঘণ্টার মত সময় নেয়। আর একবার ফুল চার্জে সাধারণ ব্যবহারে তিন দিন, ভারী ব্যবহারে দুই দিনের ব্যাকআপ মিলবে। যারা ফিটনেস সচেতন, তাদের কথা মাথায় রেখে এতে প্রায় ৭০টি ভিন্ন ওয়ার্কআউট ফিচার যুক্ত করা হয়েছে।

ঘড়িটির বিশেষত্ব হলো, স্মার্টফোনে ব্লুটুথের মাধ্যমে যুক্ত থাকা অবস্থায় এটি থেকে সরাসরি কল করা যাবে, কিংবা ফোনে আসা কল রিসিভ করেও কথা বলা যাবে। এজন্য ঘড়িটিতে যুক্ত আছে বিল্ট-ইন স্পিকার ও মাইক্রোফোন। এ ছাড়া এটিতে রয়েছে বিল্ট-ইন মিউজিক প্লেয়ার ফিচার।

স্মার্ট ওয়াচটিতে আইপি-৬৮ গ্রেডের ওয়াটার রেসিস্ট্যান্স থাকার এটি হাতে থাকা অবস্থায় সাঁতার কাটা যাবে।

দেশব্যাপী মোশন ভিউয়ের সকল আউটলেট, অনুমোদিত রিটেইল পয়েন্টে ও অনলাইনে স্মার্টওয়াচটি পাওয়া যাচ্ছে। স্মার্টওয়াচটির দাম ৬ হাজার ৭৮০ টাকা। এ ছাড়া ৪ হাজার ৬০০ টাকায় পাওয়া যাবে এটির রেগুলার মডেল কিসিলেক্ট কেআর।

দেশব্যাপী মোশন ভিউ দেশের সেরা দামে স্মার্ট গ্যাজেট, স্মার্টফোন নিয়ে কাজ করে যাচ্ছে। এছাড়াও গ্রাহকের সর্বোচ্চ সেবা নিশ্চিত করতে সেরা বিক্রয়োত্তর সেবা দিয়ে আসছে প্রতিষ্ঠানটি।

দেশব্যাপী ৬৪ জেলায় মোশন ভিউয়ের বিপণন চালু আছে। নিজস্ব ২২ টি ব্র্যান্ড আউটলেট, ২ হাজারের অধিক রিটেইল ও অনলাইনে তাদের পণ্য পাওয়া যায়। বিভিন্ন ধরনের ব্র্যান্ডের অরিজিনাল স্মার্ট গ্যাজেট, যেমন- স্মার্ট ওয়াচ, ইয়ারফোন, স্মার্ট টিভি, পাওয়ার ব্যাংক,, স্মার্ট হোম অ্যাপ্লায়েন্স ইত্যাদি গ্রাহকের দোড়গোড়ায় পৌঁছে দিতে এবং সেগুলোর ক্ষেত্রে পূর্ণ বিক্রয়োত্তর সেবা নিশ্চিতে কাজ করে যাচ্ছে।